গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.০২.০৩৪.১৭-২০৯

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩০
২৯ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: রাজশাহী সিটি কর্পোরেশনের নিকট সরকারের ডিএসএল পাওনা নিষ্পত্তি।

সূত্র: (ক) রাজশাহী সিটি কর্পোরেশনের স্মারক নং-৪৬.১২.০০০০.০০৪.০৭.৬১.২০২৩.৩৬, তারিখ: ১১ জানুয়ারি ২০২৪
(খ) স্থানীয় সরকার বিভাগের পত্র নং: ৪৬.০০.০০০০.০৭১.০২.০৩৪.১৭-৬৭০, তারিখ: ০৮ নভেম্বর ২০২৩
(গ) স্থানীয় সরকার বিভাগের পত্র নং: ৪৬.০০.০০০০.০৭১.০২.০৩৪.২০১৭.৬৬৪, তারিখ: ১৯ অক্টোবর ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ এখলাছুর রহমান, অতিরিক্ত সচিব (টিডিএম), অর্থ বিভাগ এর সভাপতিত্বে গত ১৭/০৯/২০১৯, ৩০/১০/২০১৯ ও ৩১/১০/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভায় রাজশাহী সিটি কর্পোরেশনের নিকট দাবীকৃত সরকারের ডি.এস.এল পাওনা প্রসঙ্গে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

''সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষা নিরীক্ষাপূর্বক বিষয়টি নিষ্পত্তির জন্য জনাব মোঃ আবদুল লতিফ ভূঁঞা, এ.জি.এম বিডিবিএল ব্যাংক (কনসালটেন্ট, ডিএসএল অধিশাখা)-কে অনুরোধ জানানো হয়।''

২। রাজশাহী সিটি কর্পোরেশন হতে 'ক' সূত্রোস্থ পত্রে জানানো হয় যে, রাজশাহী সিটি কর্পোরেশনের নিকট সরকারের কোন ডি.এস.এল পাওনা নেই এবং এ সংক্রান্তে আনুষ্ঠানিকভাবে কোন সাব লোন চুক্তিনামা (SLA) কখনও সম্পাদিত হয়নি। ফলে ডি.এস.এল বাবদ কোন অর্থ রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক পরিশোধ করার সুযোগ নেই। উল্লেখ্য, রাজশাহী সিটি কর্পোরেশনের নিকট দাবীকৃত সরকারের ডি.এস.এল বিষয়ক জটিলতা দুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোস্থ 'খ' ও 'গ' স্মারকে পত্র প্রদান করা হয় কিন্তু অদ্যাবধি তা নিষ্পত্তি হয়নি।

৩। এমতাবস্থায়, রাজশাহী সিটি কর্পোরেশনের নিকট সরকারের ডি.এস.এল পাওনা বিষয়ক জটিলতা দুত নিষ্পত্তির লক্ষ্যে নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

২৯/০২/২০২৪

মোঃ আব্দুর রাফিউল আলম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৪০৯
ই-মেইল: lgcc2@lgd.gov.bd

সচিব
অর্থ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি**- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।